



এই পাতায়

- [ভ্রমণের উপর নিষেধাজ্ঞা](#)
 - [অস্ট্রেলিয়ায় ভ্রমণের ক্ষেত্রে নিষেধাজ্ঞা থেকে অব্যাহতির জন্য সংক্রান্ত আবেদন হালনাগাদ তথ্য](#)
 - [অব্যাহতির শ্রেণিবিভাগ](#)
 - [ব্যক্তিগত অব্যাহতি](#)
 - [ভ্রমণের মানবিক এবং বাধ্যকারী কারণ](#)
 - [অব্যাহতি পেতে অনলাইনে আবেদন](#)

ভ্রমণের উপর নিষেধাজ্ঞা

অস্ট্রেলিয়ান জনগোষ্ঠীর স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে অস্ট্রেলিয়ার কর্তার সীমান্ত সুরক্ষা ব্যবস্থা রয়েছে। বর্তমানে অস্ট্রেলিয়ায় খুব সীমিত সংখ্যক ফ্লাইট যাওয়া আসা করে এবং বর্তমান সময়ে আপনি ভ্রমণ করতে সক্ষম নাও হতে পারেন। ভ্রমণের উপর নিষেধাজ্ঞা পরিবর্তন হতে পারে। অনুগ্রহ করে নিয়মিতভাবে চেক করে দেখুন। দেখুন: [ন্যাশনাল কেবিনেট মিডিয়ার বিবৃতি](#)।

অস্ট্রেলিয়ার নাগরিক সহ অস্ট্রেলিয়ায় আসা সকল ভ্রমণকারীকে নির্ধারিত স্থাপনায় যেমন তাদের আগমনের বন্দরের হোটেলে অবশ্যই 14 দিনের কোয়ারেন্টিনে থাকতে হবে। [ভ্রমণকারীদের জন্য করোনাভাইরাস \(COVID-19\) সম্পর্কিত পরামর্শ](#) দেখুন। আপনাকে আপনার কোয়ারেন্টিনে থাকার ব্যয় বহন করতে হতে পারে। কোয়ারেন্টিনে থাকার পূর্বশর্ত সম্পর্কে আরও তথ্যের জন্য সংশ্লিষ্ট [স্টেট বা টেরিটরির সরকারি স্বাস্থ্য বিভাগের](#) সাথে যোগাযোগ করুন।

আপনি যদি কোনো অব্যাহত শ্রেণিবিভাগে অন্তর্ভুক্ত র না হন অথবা যদি বর্তমান ভ্রমণ ক্ষেত্রে নিষেধাজ্ঞার ক্ষেত্রে আপনাকে ব্যক্তিগত অব্যাহতি দেওয়া না হয় তাহলে আপনি অস্ট্রেলিয়ায় আসতে পারবেন না।

অস্ট্রেলিয়ায় ভ্রমণের ক্ষেত্রে নিষেধাজ্ঞা থেকে অব্যাহতির জন্য আবেদন সংক্রান্ত হালনাগাদ তথ্য

আমরা একটা নতুন বিশেষভাবে-নির্মিত পরিষেবা সরবরাহ প্ল্যাটফর্মের মাধ্যমে আপনার ভ্রমণের ক্ষেত্রে অব্যাহতির জন্য আবেদন জমা দেওয়া এবং রাখাকে খবরাখবর তার সহজ করে তুলছি। নতুন ভ্রমণ নিষেধাজ্ঞা থেকে অব্যাহতি পোর্টাল অনেক সুবিধা প্রদান করে, এর মধ্যে অন্তর্ভুক্ত হলো:

- ব্যবহারকারী-বান্ধব কার্যকারিতা
- আপনার আবেদনের অবিলম্বে প্রাপ্তিস্বীকার
- সহায়ক নথিপত্র সহজেই সংযুক্ত এবং হালনাগাদ করার সুবিধা

- গ্রুপ এবং পারিবারিক আবেদন সংযুক্ত করার সুবিধা
- আপনার আবেদনের অগ্রগতির রাখতে খবরাখবর পরাসুবিধা
- কোনো সিদ্ধান্ত নেওয়া হলে সাথে সাথে নোটিফিকেশন বা বিজ্ঞপ্তি পাওয়া

যদি আপনি শুক্রবার 17 জুলাই 2020 তারিখে নতুন পোর্টাল ব্যবহারযোগ্য হওয়ার আগে আপনার আবেদন জমা দিয়ে থাকেন, তবে আমরা অস্ট্রেলিয়ান ইস্টার্ন স্ট্যান্ডার্ড টাইম, বিকাল 5টা শুক্রবার 31 জুলাই 2020 তারিখে র মধ্যে আপনার আবেদন চূড়ান্ত করব। যদি আপনি 17 জুলাই 2020 তারিখের আগে আবেদন জমা দিয়ে থাকেন, এবং আমাদের কাছ থেকে কোনো জবাব না পেয়ে থাকেন, অনুগ্রহ করে আরেকটি আবেদন জমা দিন এবং আমরা আপনার আবেদনের বিষয়ে আপনার সাথে যোগাযোগ করব।

[ভ্রমণের ক্ষেত্রে অব্যাহতির জন্য আবেদন করুন](#)

অব্যাহতির শ্রেণিবিভাগ

আপনি ভ্রমণের ক্ষেত্রে নিষেধাজ্ঞা থেকে স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি পেতে পারেন এবং অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে পারেন (কোনো ব্যক্তিগত অব্যাহতি অর্জন না করে) যদি আপনি হয়ে থাকেন:

- [অস্ট্রেলিয়ার একজন নাগরিক](#)
- [অস্ট্রেলিয়ার একজন স্থায়ী বাসিন্দা](#)
- [অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দার একজন পারিবারিক নিকট সদস্য](#)
- [নিউজিল্যান্ডের একজন নাগরিক যিনি সাধারণত অস্ট্রেলিয়ায় থাকেন](#) এবং তাদের পারিবারিক নিকট সদস্য
- অস্ট্রেলিয়ায় স্বীকৃত একজন কূটনীতিক (একটি সাবক্লাস 995 ভিসাধারী)
- [একজন ভ্রমণকারী যিনি 72 ঘন্টা বা তার কম সময় অস্ট্রেলিয়ায় ভ্রমণ করছেন](#)
- [বিমানের ক্রু](#)
- মেরিন বা নৌ পাইলট সহ মেরিটাইম ক্রু।
- সরকার অনুমোদিত মৌসুমি কর্মী কর্মসূচী বা প্যাসিফিক লেবার স্কিমের অধীনে নিয়োগকৃত

ভ্রমণের সময় উপরের শ্রেণিবিভাগের যেকোনো একটিতে আপনি অন্তর্ভুক্ত এমন প্রমাণ আপনার সাথে রাখতে হবে। অতিরিক্ত প্রমাণও চাওয়া হতে পারে।

ব্যক্তিগত অব্যাহতি

অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্সের কমিশনার আপনাকে ব্যক্তিগত অব্যাহতির অনুমোদন দিতে পারেন যদি আপনি:

- একজন অ-নাগরিক হিসেবে কোভিড-19 প্রতিক্রিয়ায় সহায়তা করার উদ্দেশ্যে অস্ট্রেলিয়া সরকার বা কোনো রাষ্ট্র বা আঞ্চলিক সরকার কর্তৃপক্ষের আমন্ত্রণে ভ্রমণ করছেন
- এয়ার অ্যান্ডুলেন্স, চিকিৎসার জন্য স্থানান্তর এবং সংকটকালীন চিকিৎসা পরিষেবা সরবরাহ সহ, সংকটকালীন বা বিশেষজ্ঞ চিকিৎসা পরিষেবাসমূহ প্রদান করছেন
- সংকটকালীন [দক্ষতা](#) সম্পন্ন একজন অ-নাগরিক হন বা অস্ট্রেলিয়ায় কোনো সংকটময় সেক্টরে কাজ করছেন

- একজন অ-নাগরিক যার প্রবেশ হয় জাতীয় স্বার্থে হবে, নয়ত অস্ট্রেলিয়া সরকার বা কোনো রাষ্ট্র বা আঞ্চলিক সরকার কর্তৃপক্ষের দ্বারা সমর্থিত হবে
- স্ট্যাটাস অব ফোর্সেস চুক্তি, কমনওয়েলথ আর্মড ফোর্স, এশিয়া প্যাসিফিক ফোর্স এবং স্ট্যাটাস অব আর্মড ফোর্স চুক্তির অংশ হওয়া সহ, সামরিক কর্মকর্তা
- মানবিক এবং বাধ্যকারী কারণে করে ভ্রমণ গেল।

ভ্রমণের পূর্বে আপনার অবশ্যই একটি ভিসা এবং অস্ট্রেলিয়ায় ভ্রমণে নিষেধাজ্ঞার ক্ষেত্রে একটি অব্যাহতি থাকতে হবে। আপনি অনলাইনে একটি অব্যাহতির জন্য আবেদন করতে পারেন এবং আপনাকে আপনার দাবির পক্ষে অবশ্যই উপযুক্ত প্রমাণ প্রদান করতে হবে। যদি পর্যাপ্ত প্রমাণ প্রদান করা না হয় তাহলে পরবর্তী বিবেচনা ছাড়াই আবেদনটি চূড়ান্ত হতে পারে। সকল নথি অফিসিয়ালি ইংরেজিতে অনুদিত থাকতে হবে।

আপনার পরিকল্পিত ভ্রমণের অন্তত দুই সপ্তাহ পূর্বে, কিন্তু তিন মাসের বেশি পূর্বে নয়, আপনাকে একটি অব্যাহতির জন্য আবেদন করতে হবে।

আপনার আবেদনে অবশ্যই থাকতে হবে:

- ভ্রমণকারীর বিস্তারিত তথ্য: নাম, জন্ম তারিখ, ভিসার ধরন ও নম্বর, পাসপোর্টের নম্বর
- অস্ট্রেলিয়ায় বসবাসের ঠিকানাও টেলিফোন নম্বর
- আপনার আসার কারণসমূহ: কেনো আপনারকে অব্যাহতি মঞ্জুর করতে হবে
- একটি সহায়ক বিবৃতি: যার মধ্যে একটি অব্যাহতির জন্য আপনি কিভাবে কোনো একটি শর্ত পূরণ করবেন সেটি নির্ধারণ থাকে ব্যাখ্যা তার করেন
- প্রমাণাদি আনুষঙ্গিক।

যদি আপনাকে কোনো অব্যাহতি মঞ্জুর করা না হয়, তবে আপনার ভ্রমণ পরিকল্পনা করা অগ্রসর উচিত হবে না, যেহেতু আপনাকে অস্ট্রেলিয়ার কোনো ফ্লাইটে চড়ার অনুমতি দেয়া হবে না। যদি ভ্রমণের ব্যাপারে আপনাকে অব্যাহতি মঞ্জুর করা হয়, তবে ঐ অব্যাহতির সিদ্ধান্তের প্রমাণ আপনাকে বিমানবন্দরে নিয়ে আসতে হবে।

ভ্রমণের মানবিক এবং বাধ্যকারী কারণ

অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্সের এর কমিশনার আপনাকে একটি অব্যাহতি মঞ্জুর করতে পারেন যদি আপনি মানবিক এবং বাধ্যকারী থাকেন চেয়ে অনুমতি ভ্রমণের কারণে। মানবিক এবং বাধ্যকারী কারণগুলিতে অন্তর্ভুক্ত আছে, কিন্তু এরই মধ্যে সীমাবদ্ধ নয়, পরিবারের ঘনিষ্ঠ সদস্যের মৃত্যু বা গুরুতর অসুস্থতার কারণে ভ্রমণের প্রয়োজনীয়তা রয়েছে।

ভ্রমণের পূর্বে আপনার অবশ্যই একটি ভিসা এবং অস্ট্রেলিয়ায় ভ্রমণে নিষেধাজ্ঞার ক্ষেত্রে একটি অব্যাহতি থাকতে হবে। আপনি অনলাইনে একটি অব্যাহতির আবেদন জন্য করতে পারেন এবং আপনাকে দাবির পক্ষে অবশ্যই উপযুক্ত প্রমাণ প্রদান করতে হবে। যদি পর্যাপ্ত প্রমাণ প্রদান করা না হয় তাহলে পরবর্তী বিবেচনা ছাড়াই চূড়ান্ত আবেদন হতে পারে। সকল নথি অফিসিয়ালি ইংরেজিতে অনুদিত থাকতে হবে।

সম্ভব হলে, আপনার পরিকল্পিত ভ্রমণের কমপক্ষে দুই সপ্তাহ পূর্বে, কিন্তু তিন মাসের বেশি পূর্বে নয়, আপনাকে একটি অব্যাহতির জন্য আবেদন করতে হবে। আপনি যদি পরিবারের ঘনিষ্ঠ কোনো সদস্যের মৃত্যু বা গুরুতর অসুস্থতার জন্য ভ্রমণ করে থাকেন, আপনি এই সময়সীমার মধ্যে আবেদন করতে পারেন এবং আমরা আপনার আবেদনকে অগ্রাধিকার দেব।

যদি আপনাকে কোনো অব্যাহতি মঞ্জুর করা না হয়, তবে আপনার ভ্রমণ পরিকল্পনা করা অগ্রসর উচিত হবে না, যেহেতু আপনাকে অস্ট্রেলিয়া রকোনো ফ্লাইটে চড়ার অনুমতি দেয়া হবে না। যদি ভ্রমণের ব্যাপারে আপনাকে অব্যাহতি মঞ্জুর করা হয়, তবে ঐ অব্যাহতির সিদ্ধান্তের প্রমাণ আপনাকে বিমানবন্দরে নিয়ে আসতে হবে।

অব্যাহতি পেতে অনলাইনে আবেদন করুন

আপনার পরিকল্পিত ভ্রমণের কমপক্ষে দুই সপ্তাহ পূর্বে, কিন্তু তিন মাসের বেশি পূর্বে নয়, আপনাকে একটি অব্যাহতির জন্য আবেদন করতে হবে।

ভ্রমণের ক্ষেত্রে একটি অব্যাহতির আবেদন সম্পন্ন করার জন্য আপনার ইতিমধ্যেই একটি ভিসা থাকতে হবে এবং আপনাকে আপনার আবেদনের সমর্থনে তথ্য নথিপত্র ও সরবরাহ করতে হবে। যদি পর্যাপ্ত প্রমাণ প্রদান করা না হয় তাহলে পরবর্তী বিবেচনা ছাড়াই চূড়ান্ত আবেদন হতে পারে। এর মধ্যে নিম্নলিখিত জিনিসগুলো থাকতে পারে:

- পরিচিতির প্রমাণ
- আপনার বৈধ ভিসা থাকার প্রমাণ
- ভ্রমণের পরিকল্পনা
- বিবাহ, জন্ম, মৃত্যু সনদ
- সম্পর্ক বা অধিবাসী হওয়ার প্রমাণ (উদাহরণস্বরূপ, ভাগাভাগি করা ভাড়াটিয়ার চুক্তি, যৌথ ব্যাংক অ্যাকাউন্ট, ইত্যাদি)
- কোনো চিকিৎসক বা হাসপাতালের কাছ থেকে পত্র, যেখানে ভ্রমণের প্রয়োজনীয়তা নির্দেশিত থাকে
- নিয়োগকারীর কাছ থেকে পত্র, যেখানে ভ্রমণের প্রয়োজনীয়তা নির্দেশিত থাকে
- কোনো ব্যবসা বা সরকারি সংস্থা হতে সহায়ক পত্র, যেখানে কোনো আপনার দক্ষতা গুরুত্বপূর্ণ সে সম্পর্কে মতামত থাকে
- [আপনার দাবিগুলি সমর্থনে](#) বিধিবদ্ধ ঘোষণা।

অনুগ্রহ করে একজন ভ্রমণকারীর জন্য আবেদন একাধিক জমা দেবেন না, যেহেতু শুধুমাত্র সাম্প্রতিকতম আবেদনটি প্রক্রিয়াকরণ করা হবে।

ভ্রমণের ক্ষেত্রে একটি অব্যাহতি প্রাপ্তি এই সময়ে আপনি অস্ট্রেলিয়ার কোনো ফ্লাইট পেতে সক্ষম হবেন এর কোনো নিশ্চয়তা দেয় না।

[ভ্রমণের ক্ষেত্রে অব্যাহতির জন্য আবেদন করুন](#)